দামুড়হুদায় বাইসাইকেল বিতরণী অনুষ্ঠান

দামুড়হুদায় “ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহয়তা” প্রকল্পের আওতায় উপজেলাধীন বিভিন্ন বিদ্যালয়ে অধ্যায়নরত ১৭১ জন গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) বেলা সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা চত্বরে বাইসাইকেল বিতরণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি’র বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, কোমলমতি শিক্ষার্থীদের পড়াশোনা ও স্কুলে যাওয়ার উৎসাহ বাড়ানোর জন্য বাইসাইকেল বিতরণ করা হচ্ছে। যানজট এড়িয়ে সঠিক সময়ে স্কুল যাওয়া আরও সহজ হবে। স্কুলে যাওয়া আসার ভাড়া সাশ্রয় হবে।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোছাঃ মমতাজ মহল এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার ভূমি কে এইচ তাসফিকুর রহমান, দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, দামুড়হুদা উপজেলা জামায়াতের আমির নায়েব আলী, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ প্রমূখ।

“ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহয়তা” প্রকল্পের আওতায় উপজেলার মোট ৫১ টি শিক্ষা প্রতিষ্ঠানের ১৭১ টি গরীব ও মেধাবী ছাত্রছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের ঈমাম ও খতিব হাফেজ মাওঃ মুফতি মামুনুর রশীদ। অনুষ্ঠান টি সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ।

# [redacted]

[redacted]

# [redacted]

[redacted]

# [redacted]

[redacted]

কুষ্টিয়ায় জেলা পরিষদের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে সাইকেল বিতরণ

কুষ্টিয়ায় দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ায় মননশীল করতে কুষ্টিয়া জেলা পরিষদের উদ্যোগে অস্বচ্ছল ও মেধাবী ছাত্র-ছাত্রীর মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে।

মঙ্গলবার সকালে কুষ্টিয়া জেলা পরিষদ চত্বরে কুষ্টিয়া জেলা পরিষদের পরিষদ প্রশাসক হাজী রবিউল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসব বিতরণ করেন।

এসময় তিনি বলেন, বর্তমান আওয়ামী লীগ সরকার শিক্ষার্থীদের মানোন্নয়নে বিভিন্ন উদ্যোগ নিয়েছে। এরমধ্যে মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ একটি প্রকল্প। আমরা চাই প্রত্যেকটি শিক্ষার্থী যেন সুশিক্ষায় শিক্ষিত হয়ে সমাজ গঠনে অগ্রণী ভূমিকা রাখে। আজকের শিক্ষার্থীরা সুশিক্ষায় শিক্ষিত হলে দেশ এগিয়ে যাবে। আর এসব শিক্ষার্থীরা যাতে ঝড়ে পড়ে না যায় সেজন্য শিক্ষক মহল ও অভিভাবকদের সচেতন থাকার আহবান জানান তিনি।

কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামানের সভাপতিত্বে এসময় কুষ্টিয়া জেলা পরিষদের সহকারী প্রকৌশলী মোঃ শফিকুল আজম, সদস্য মোঃ শরিফুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহিনুজ্জামান সহ কর্মচারীবৃন্দ, শিক্ষার্থী ও অভিভাবক উপস্থিত ছিলেন।

কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামান জানান, কুষ্টিয়া জেলা পরিষদের উদ্যোগে ও বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পের আওতায় ১০জন অস্বচ্ছল মেধাবী ছাত্র-ছাত্রীর মাঝে বাই সাইকেল বিতরণ করা হয়।